

সারস ও নেকরে বাঘ

blackhash.weebly.com

সংগ্রহে: BlackHash Team

এক সারসকে এক নেকরে তার বাড়িতে নিমন্ত্রণ করল। সারস নেকড়ের বাড়িতে এসে খেতে বসলে নেকরে একটি সমতল বাটিতে কিছু ঝোল ঢালল। নেকরে সেখান থেকে দিব্যি চেটে চেটে সব ঝোলগুলো খেয়ে ফেলল, কিন্তু সারসের ঠোঁট লম্বা হওয়াতে সে কিছুই মুখে তুলতে পারল না।

ফলে তাকে খিদে পেটে নিয়েই বাড়ি ফিরে যেতে হল।

এরপর সারসও একদিন নেকড়েকে তার বাড়িতে নিমন্ত্রণ করল। নেকরে নিমন্ত্রণ খেতে এলে সারস কিছু ঝোল ঢেলে দিল কুঁজোর মত সরুমুখ এক পাত্রে। সারসের মুখ লম্বা হওয়াতে সে দিব্যি সবটুকু ঝোল খেয়ে ফেললেও নেকড়ের মুখ ছোট হওয়াতে সে কিছুই মুখে তুলতে পারল না।

নেকরে মন খারাপ করে বাড়ি যাওয়ার সময় সারস তাকে বলল, কিছু মনে করো না ভাই। এ ভদ্রতা আমি তোমার কাছ থেকেই শিখেছি।

উপদেশ: অন্যকে জব্দ করতে গেলে নিজেকেই জব্দ হওয়া লাগে।

বন্ধুরা, তোমরা এরকম আরও সুন্দর সুন্দর গল্প ও কমিক পেতে পার এই

blackhash.weebly.com ঠিকানায়।